# নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি পিএলসি

Northern Electricity Supply Company PLC
(An Enterprise of Bangladesh Power Development Board)
বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী।
www.nesco.gov.bd

স্মারক নং: ২৭.২৯.০০০০.০৮১.০৬.০০১.২৪.০০৪ তারিখ: ২৫/০৩/২০২৪

**বিষয়:** স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নেসকো পিএলসি -এর কর্মপরিকল্পনা প্রণয়ন।

বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ -এর অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ -এর কার্যক্রম [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন ও সূচক [৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত -এর আওতায় নেসকো পিএলসি -এর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক মহোদয়ের অনুমতিক্রমে এতদসঙ্গে সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে

S Biswas
রাজীব বিশ্বাস
ব্যবস্থাপক (এম আই এস) (অতি:) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ই-গভর্ন্যান্স ও
উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
নেসকো পিএলসি, রাজশাহী

স্মারক নং: ২৭.২৯.০০০০.০৮১.০৬.০০১.২৪.০০৪ তারিখ: ২৫/০৩/২০২৪

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। ব্যবস্থাপনা পরিচালক, নেসকো পিএলসি, রাজশাহী।
২। সকল নির্বাহী পরিচালক, নেসকো পিএলসি, রাজশাহী।
৩। সকল প্রধান প্রকৌশলী / মহাব্যাবস্থাপক, নেসকো পিএলসি ।
৪। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী / উপ-মহাব্যবস্থাপক / প্রকল্প পরিচালক, নেসকো পিএলসি ।
৫। সকল নির্বাহী প্রকৌশলী / ব্যবস্থাপক / উপ-পরিচালক, নেসকো পিএলসি ।
৬। সকল আবাসিক প্রকৌশলী, নেসকো পিএলসি ।
৭। ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির অন্যান্য সদস্যবৃন্দ, নেসকো পিএলসি ।
৮। দপ্তর নথি।

# স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ কর্মপরিকল্পনা

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪

NESCO

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি পিএলসি

(An Enterprise of Bangladesh Power Development Board)

মার্চ - ২০২৪

# সূচিপত্র

পটভূমি........................................................................................................২

গৃহীত কর্মপরিকল্পনা........................................................................................২

কর্মপরিকল্পনা ১ – স্মার্ট ডিস্ট্রিবিউশন সিস্টেম........................................................ ৩

কর্মপরিকল্পনা ২ – স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন .................................................... ৩

কর্মপরিকল্পনা ৩ – নেটওয়ার্ক অবকাঠামো উন্নয়ন ও বিতরণ ব্যবস্থা আধুনিকীকরণ ............. ৩

উপসংহার....................................................................................................৪

## পটভূমি

স্মার্ট বাংলাদেশ হলো বাংলাদেশ সরকারের একটি প্রতিশ্রুতি ও শ্লোগান যা ২০৪১ সালের মধ্যে দেশকে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের পরিকল্পনা। 'স্মার্ট বাংলাদেশ' গড়ার ভিত্তি চারটি। এগুলো হচ্ছে - স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার স্মার্ট সমাজ। স্মার্ট নাগরিক ও স্মার্ট সরকার এর মাধ্যমে সব সেবা এবং মাধ্যম ডিজিটালে রূপান্তরিত হবে। আর স্মার্ট সমাজ ও স্মার্ট অর্থনীতি প্রবৃদ্ধি নিশ্চিত করলে অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন এবং ব্যবসাবান্ধব পরিবেশ গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। 'স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী। এককথায় সব কাজই হবে স্মার্ট। যেমন স্মার্ট শহর ও স্মার্ট গ্রাম বাস্তবায়নের জন্য স্মার্ট স্বাস্থ্যসেবা, স্মার্ট পরিবহন, স্মার্ট ইউটিলিটিজ, নগর প্রশাসন, জননিরাপত্তা, কৃষি, ইন্টারনেট সংযোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা নিশ্চিত করা। অনলাইনে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে এক শিক্ষার্থী, এক ল্যাপটপ, এক স্বপ্নের উদ্যোগ নেয়ার কথা বলা হয়েছে। এর আওতায় সব ডিজিটাল সেবা কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউডের আওতায় নিয়ে আসা হবে। ইতোমধ্যে ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের নাম পরিবর্তন করে 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' গঠন করেছে বাংলাদেশ সরকার।

## গৃহীত কর্মপরিকল্পনা

নেসকো পিএলসি, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে কাজ করে যাচ্ছে। বিদ্যুৎ বিতরণ ও সংশ্লিষ্ট সেবাসমূহকে স্মার্ট করার লক্ষ্যে Service Automation, Smart Distribution System Integration, Smart Pre-payment Metering System, Network Infrastructure Development, Modernization of Distribution System ইত্যাদি কার্যক্রম চলমান আছে। এই কার্যক্রমগুলোর সফল বাস্তবায়ন হলে নেসকো পিএলসি এর গ্রাহক সেবার মান উন্নয়ন হবে, সেবা প্রদান ও সেবা গ্রহন পদ্ধতি স্মার্ট হবে।

## কর্মপরিকল্পনা ১ – স্মার্ট ডিস্ট্রিবিউশন সিস্টেম

Smart Distribution System Integration বাস্তবায়নের মাধ্যমে ২০২৫ সাল নাগাদ সকল সাবস্টেশন এর কার্যক্রম অটোমেশন করা হবে। এর ফলে রিয়েল টাইমে বিদ্যুৎ ব্যবহার, ডিমান্ড এলোকেশন ইত্যাদি অটো-মনিটরিং সিস্টেম এর আওতায় আসবে। এছাড়াও জরুরি পরিস্থিতিতে ফিডারে বিদ্যুৎ ব্যাবস্থাপনা, প্রাকৃতিক দুর্যোগজনিত কারনে IoT ডিভাইসের মাধ্যমে উদ্ভূত ফিডার ফল্ট শনাক্তকরণ ইত্যাদি অনলাইনে করা সম্ভব হবে। ম্যাক্সিমাম ডিমান্ড ফোরকাস্ট, রিসোর্স এলোকেশন ইত্যাদি অটোমেশান -এর আওতায় আসবে।

## কর্মপরিকল্পনা ২ – স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন

ইতোমধ্যে নেসকো পিএলসি আওতাধীন এলাকায় ৫ লক্ষ ২০ হাজার স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন করেছে। এর ফলে সম্মানিত গ্রাহকগন ঝামেলাহীন ভাবে (satisfaction of energy consumption with billing/payment) বিদ্যুৎ ব্যাবহার করছেন, নেসকো পিএলসি বিদ্যুৎ বিল আদায় সহজতর হয়েছে ও বকেয়া সমমাস হ্রাস পেয়েছে। ২০২৫ সাল নাগাদ আরো ১২ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন করা হবে। এর ফলে পোস্ট-পেইড গ্রাহকের সংখ্যা কমে আসবে, কাগজের ব্যবহার হ্রাস পাবে, বকেয়া সমমাস হ্রাস পাবে তদুপরি অধিকতর গ্রাহক ডিজিটাল বিদ্যুৎ সেবা উপলব্ধ করতে সক্ষম হবেন।

## কর্মপরিকল্পনা ৩ – নেটওয়ার্ক অবকাঠামো উন্নয়ন ও বিতরণ ব্যবস্থা আধুনিকীকরণ

নেসকো আওতাধীন এলাকায় Network Infrastructure Development এবং Modernization of Distribution System বাস্তবায়ন -এর আওতার নেসকো ডাটা সেন্টার এবং সাবস্টেশন গুলোর সাইবার নিরাপত্তা নিশ্চিত করা হবে যাতে সাইবার আক্রমন এড়ানো সম্ভব হয়। এই প্রকল্পের আওতায় নেসকো ডাটা সেন্টারের আধুনিকায়ন করা হবে, ডাটা সেন্টারের ডাটা স্টোরেজ ক্যাপাসিটি বৃদ্ধি করা হবে, ডিসাস্টার রিকোভারি সেন্টার স্থাপন করা হবে। এর ফলে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে ডাটা রিস্টোর করা দ্রুততর হবে, ডাটা লস রোধ করা যাবে, সিস্টেম এর down-time হ্রাস পাবে। ডাটা এনালাইসিস  সম্পর্কিত কাজসমূহ আরো বেগবান হবে।

## উপসংহার

ডিজিটাল বাংলাদেশের হাত ধরে দেশকে এগিয়ে নিতে হলে বাংলাদেশকে প্রযুক্তি ব্যবহারে অনেক উন্নত হতে হবে এবং সেই উদ্যোগ সফল করতে স্মার্ট বাংলাদেশ এ মুহূর্তে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও সময়োপযোগী এক কর্মপরিকল্পনা। নেসকো, বাংলাদেশ সরকারের প্রণীত রূপরেখা অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে নিজ ক্ষেত্র হতে ডিজিটাল, অটোমেশন, IoT সহ আধুনিক প্রযুক্তি ব্যবহার করে উন্নত গ্রাহকসেবা ও বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাপনা নিশ্চিত করে, একটি স্মার্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা হিসাবে আত্মপ্রকাশের পথে এগিয়ে যাচ্ছে।

২৪/০৩/২০২৪
রাজীব বিশ্বাস
ব্যবস্থাপক (এমআইএস)(অতিঃ দাঃ)
নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ
রাজশাহী।
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

24/03/24
Md. Golam Mostafa
Superintending Engineer
Procurement Department
NESCO PLC, Rajshahi
ও
সদস্য সচিব

24.03
(মোঃ জাকির হোসেন)
প্রধান প্রকৌশলী
বিতরণ অঞ্চল, নেসকো, রাজশাহী।
ও
আহ্বায়ক